

স্মারক নং- ৫১.০১.০০০০.০১৩.১৬.০০৩.২৪- ৬৫০


তারিখঃ ২৪ আষাঢ়, ১৪৩১ বঙ্গাব্দ।  
০৮ জুলাই, ২০২৪ খ্রিস্টাব্দ।

বিষয়: ২০২৪-২০২৫ অর্থ বছরে “অতিদরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচির (ইজিপিপি)” ১ম পর্যায়ের বাস্তবায়নযোগ্য **অনুমোদিত প্রকল্প তালিকার হার্ড কপি প্রেরণ।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০২৪-২০২৫ অর্থ বছরে “অতিদরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচি (ইজিপিপি)” বাস্তবায়নে বাজেট বরাদ্দ পাওয়া যায়। উক্ত বরাদ্দকৃত বাজেট দ্বারা ৫১টি জেলার ৩৪০ টি উপজেলায় এ কর্মসূচি বাস্তবায়ন করা হবে। বরাদ্দকৃত অর্থ উপজেলাওয়ারী বিভাজন করে ১ম পর্যায়ের কর্মসূচির বাজেট বিভাজন অনুমোদনের জন্য দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ে প্রেরণ করার কার্যক্রম গ্রহণ করা হয়েছে, যা অনুমোদন সাপেক্ষে উপজেলাওয়ারী বরাদ্দ প্রদান করা হবে। পরিপত্রের আলোকে নির্ধারিত সময়ে এ কর্মসূচি বাস্তবায়নের সুবিধার্থে পূর্ব প্রস্তুতি হিসেবে প্রকল্পসমূহের তালিকা প্রস্তুতপূর্বক অনুমোদন করা আবশ্যিক।

২। এ ছাড়া অনুমোদিত প্রকল্প তালিকা নিজস্ব ওয়েব সাইডে প্রচারের নির্দেশনা পরিপত্রে উল্লেখ রয়েছে। ফলে উপজেলাভিত্তিক বাস্তবায়নযোগ্য অনুমোদিত প্রকল্প তালিকা দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের ওয়েব সাইডে প্রচারের নিমিত্ত ২০২৪-২০২৫ অর্থ বছরে “অতিদরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচি (ইজিপিপি)” এর আওতায় আপনার উপজেলার অক্টোবর-ডিসেম্বর প্রান্তিকের ১ম পর্যায়ের ৪০ (চল্লিশ) দিন বাস্তবায়নযোগ্য অনুমোদিত প্রকল্পসমূহের তালিকা আবশ্যিক।

৩। এমতাবস্থায়, ২০২৪-২০২৫ অর্থ বছরের ১ম পর্যায়ের “অতিদরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচি (ইজিপিপি)” বাস্তবায়নে আপনার উপজেলার অনুমোদিত প্রকল্পসমূহের তালিকা হার্ড কপি আগামী ০৭.০৮.২০২৪ তারিখের মধ্যে অত্র অধিদপ্তরে প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

  
(মোহাম্মদ কামাল হোসেন)  
উপপরিচালক (কাবিখা-৩)  
ফোন : ৮৮০-২৪৮৮১০৯৯০

ই-মেইল নং ffwegppreport@gmail.com

উপজেলা নির্বাহী অফিসার

উপজেলা- .....

জেলা- .....

**অনুলিপি : সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে :**

- ১। সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। প্রকল্প পরিচালক, SMoDMRPA, নিউ ডিওএইচ, মহাখালী বা/এ, ঢাকা।
- ৩। জেলা প্রশাসক (সংশ্লিষ্ট সকল), .....
- ৪। প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। উপপরিচালক (কাবিখা-১/২)/বাজেট ও হিসাব, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা
- ৬। প্রোগ্রামার, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।
- ৭। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা (সংশ্লিষ্ট সকল), .....
- ৮। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা (সংশ্লিষ্ট সকল)....., জেলা- .....
- ৯। উপসহকারী প্রকৌশলী (সংশ্লিষ্ট সকল)....., জেলা- .....
- ১০। মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, বা/এ, ঢাকা।
- ১১। পরিচালক (কাবিখা) এর ব্যক্তিগত সহকারী, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, বা/এ, ঢাকা।
- ১২। অফিস কপি।